



হরমুজ প্রণালিতে ফি আরোপের পরিকল্পনায় ফের বাড়লো তেলের দাম



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল নিয়ে অনিশ্চয়তা এবং ইরানের সম্ভাব্য ফি আরোপের পরিকল্পনার খবরে আন্তর্জাতিক বাজারে আবারও উর্ধ্বমুখী হয়েছে অপরিশোধিত তেলের দাম। এ পরিস্থিতিতে জুলানি সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কায় বাজারে নতুন উদ্বেগ তৈরি হয়েছে।

গুরুবার (৭ আগস্ট) বাংলাদেশ সময় দুপুর পর্যন্ত ব্রেন্ট জুডের দাম ব্যারেলপ্রতি ৭৫ সেন্ট বেড়ে ৮৩ দশমিক ২৪ ডলারে পৌঁছায়। একই সময়ে যুক্তরাষ্ট্রের বেঞ্চমার্ক ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম ৪২ সেন্ট বেড়ে দাঁড়ায় ৭৭ দশমিক ৭১ ডলারে।

এর আগের দিনও আন্তর্জাতিক বাজারে তেলের দাম উল্লেখযোগ্য হারে বেড়েছিল। কারণ, হরমুজ প্রণালি দিয়ে মার্কিন ও ইসরায়েলি জাহাজ চলাচলে নিষেধাজ্ঞা দেওয়ার একটি প্রস্তাব ইরান বিবেচনা করছে বলে খবর প্রকাশিত হয়। বিশ্বে তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবহনের একটি বড় অংশ এই নৌপথের ওপর নির্ভরশীল হওয়ায় বিষয়টি বাজারে প্রভাব ফেলছে।

বিশ্লেষকদের মতে, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে উত্তেজনা পুরোপুরি প্রশমিত না হওয়ায় জুলানি বাজারে অনিশ্চয়তা এখনও রয়ে গেছে। তাদের ধারণা, হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিকভাবে চালুর পরিবর্তে নতুন শর্ত বা নিয়ন্ত্রিত ব্যবস্থাপনা চালু হতে পারে, যা বিনিয়োগকারীদের উদ্বেগ বাড়িয়েছে।

এদিকে, এক ইরানি জ্যেষ্ঠ কর্মকর্তার বরাত দিয়ে জানা গেছে, হরমুজ প্রণালি ব্যবহারকারী জাহাজের পণ্য পরিবহন মূল্যের ৫ থেকে ৭ শতাংশ পর্যন্ত ফি আদায়ের পরিকল্পনা করছে তেহরান। একই ধরনের প্রস্তাব নিয়ে ওমানও প্রায় ৩ শতাংশ ফি আরোপের বিষয়টি বিবেচনা করছে। তবে এ ধরনের উদ্যোগের বিরোধিতা করছে যুক্তরাষ্ট্র।

সূত্র: রয়টার্স